সংবাদ

তারিখ 12 DEC 2017
পৃষ্ঠা ১ কলাম ৪

# ঢাবি শিক্ষক সমিতি নির্বাচনে নীল দলের নিরঙ্কুশ জয়

প্রতিনিধি, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শিক্ষক সমিতির ২০১৮ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে প্রায় সবগুলো পদেই জয়ী হয়েছে আওয়ামী লীগ সমর্থিত নীল দলের প্রার্থীরা। শুধু একটি সদস্য পদে জয়ী হয়েছেন বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দলের প্রার্থী। নীল দল থেকে সভাপতি নির্বাচিত হয়েছেন অধ্যাপক মাকসুদ কামাল ও সাধারণ সম্পাদক পদে বিজয়ী হয়েছেন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম। গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে নির্বাচনের ফল ঘোষণা করেন শিক্ষক সমিতি নির্বাচনের প্রধান নির্বাচন ঢাবি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## ঢাবি : শিক্ষক

(১ম পৃষ্ঠার পর)

কমিশনার রসায়ন বিভাগের অধ্যাপক তোফায়েল আহমেদ চৌধুরী। সভাপতি পদে নীল দলের অধ্যাপক মাকসুদ কামাল পান ৯৪৯ ভোট। তার নিকটতম প্রার্থী সাদা দলের অধ্যাপক এবিএম ওবায়দুল ইসলাম পান ৪৭৭ ভোট। সাধারণ সম্পাদক পদে নীল দলের অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম পান ৭২৫ ভোট। তার নিকটতম প্রার্থী সাদা দলের অধ্যাপক লুৎফর রহমান পান ৬৯৭ ভোট। এছাড়া নীল দল থেকে সহ-সভাপতি পদে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও জীব বিজ্ঞান অনুষদের ডিন মো. ইমদাদুল হক (৮১২ ভোট), যুগ্ম-সম্পাদক পদে ইংরেজি বিভাগের অধ্যাপক তাজিন আজিজ চৌধুরী (৭৮০ ভোট) এবং কোষাধ্যক্ষ পদে একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ (৭৪২ ভোট) পেয়ে বিজয়ী হন। পাশাপাশি সদস্য পদে নীল দল থেকে গণিত বিভাগের অধ্যাপক চন্দ্রনাথ পোদ্দার (৭৬৯ ভোট), সমাজবিজ্ঞান বিভাগের জিনাত হুদা (৭৬৮ ভোট), সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মুহাম্মাদ সামাদ (৭৬২ ভোট), লেদার অ্যান্ড টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক মো. আফতাব আলী শেখ (৯০৫ ভোট), ক্রিমিনোলজি বিভাগের অধ্যাপক মো. জিয়াউর রহমান (৮৯২ ভোট), খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক নিজামুল হক ভূঁইয়া (৮২৩ ভোট), সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সাদেকা হালিম (৭৭২ ভোট), অণুজীববিজ্ঞান বিভাগের অধ্যাপক সাবিতা রিজওয়ানা রহমান (৮৪৯ ভোট) ও বাংলা বিভাগের অধ্যাপক সৌমিত্র শেখর দে (৭১৪ ভোট) পেয়ে বিজয়ী হন। সাদা দলের সদস্য পদে কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ার বিভাগের অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান ৬৯১ ভোট পেয়ে বিজয়ী হন।